ঢাকা ওয়াসা

১) ২০২৫-২৬ অর্থ বছরে মডস জোন-৬ এর অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি।
২) ক্যালকুলেশন শীট
৩) প্রাক্কলণ।

বিষয় ঃ Repairing, Maintanance and others ancillary works of Dhaka Medical sewer pump Station a under MODS Zone-6, Dhaka WASA .

অনুচ্ছেদ ১.০

ঢাকা ওয়াসার অধীন মডস জোন-৬, ঢাকা শহরের বিস্তীর্ণ এবং গুরুত্বপূর্ণ এলাকায় পানি সরবরাহ ও পয়ঃ নিস্কাশন সেবা প্রদান করে থাকে। অত্র জোনের বিভিন্ন এলাকায় সারফেস ওয়াটার ও ১১৯ টি পানির পাম্প কম্পাউন্ডে বিদ্যমান ১৭৩ টি গভীর নলকূপ এর মাধ্যমে উত্তোলিত পানি দিয়ে এলাকায় পানি সরবরাহ করা হয়। অত্র জোনের আওতাধীন এলাকার বেশির ভাগ পানি গভীর নলকূপ হতে সরবরাহ করা হয়ে থাকে। ঢাকা ওয়াসা'র পয়ঃ পাম্প হাউজ সমূহ সংরক্ষিত এলাকা হিসাবে বিবেচিত হয়। পয়ঃ পাম্প হাউজ সমূহ যেহেতু ঢাকা শহরের বিভিন্ন এলাকায় জন সাধারনের সম্মুখে অবস্থান করে সেহেতু এই সকল স্থাপনা সমুহ সুরক্ষিত রাখার পাশাপাশি দৃষ্টিনন্দন রাখা বাঞ্ছনীয়। ঢাকা ওয়াসার পয়ঃ পাম্প হাউজের অভ্যন্তরে যে সকল বৈদ্যুতিক ও অন্যান্য মালামাল রক্ষিত থাকে সেগুলো একদিকে যেমন সংবেদনশীল তেমনি অন্য দিকে বিপদজনকও বটে। গ্রাহক পর্যায়ে পয়ঃ পাম্প হাউজে বিদ্যমান ঢাকা ওয়াসার মালামালের নিরাপত্তার স্বার্থে পয়ঃ পাম্প হাউজ সমূহ বহিরাগতদের অবাদ চলাচল বন্ধ রাখা উচিৎ। অত্র মডস জোনের আওতাধীন **ঢাকা মেডিক্যাল পয়ঃ পাম্প** হাউজ দীর্ঘদিন মেরামত ও রক্ষনাবেক্ষন করা না হওয়ায় পাম্প হাউজের রং নষ্ট হয়ে গিয়েছে, দেয়ালের কোথাও কোথাও প্লাষ্টার খসে নিচে পড়ে গেছে, সিলিং থেকে পানি পড়ে রং ও প্লাষ্টার নষ্ট হয়ে গিয়েছে। তাছাড়াও পয়ঃ পাম্প হাউজ ও টয়লেটের দরজা জানালাও মেরামত ও রং করা আবশ্যক। পয়ঃ পাম্প হাউজটি দেখতে দৃষ্টি কটু দেখাচ্ছে; তাই বর্ণিত পয়ঃ পাম্প হাউজটি মেরামত ও রক্ষণাবেক্ষন করার লক্ষ্যে চলতি ২০২৫-২৬ অর্থ বছরের ক্রয় পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হয়েছে।

অনুচ্ছেদ ২.০

উপরোক্ত বর্ণনার আলোকে মডস জোন -৬ এর আওতাধীন বর্ণিত পয়ঃ পাম্প হাউজের মেরামত ও রক্ষনাবেক্ষন কাজের লক্ষ্যে PWD-২০২২ মোতাবেক একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে। প্রস্তুতকৃত প্রাক্কলণে সর্বমোট ব্যায়ের পরিমান দাঁড়িয়েছে ৳ **৩,৮৮,৩৩৫/- (তিন লক্ষ আটাশি হাজার তিনশত পঁয়ত্রিশ টাকা) (ভ্যাট ট্যাক্সসহ)** টাকা মাত্র। কাজটি ঢাকা ওয়াসার তালিকাভুক্ত অভিজ্ঞ ঠিকাদারের মাধ্যমে সম্পাদনের নিমিত্তে পিপিআর-২০২৫ এর বিধি ৮০(১)/(ঘ) অনুযায়ী সীমিত দরপত্র পদ্ধতি অনুসরনে e-GP LTM এ সম্পন্ন করা যেতে পারে। আলোচ্য কাজটি মড্‌স জোন-৬ এর ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-১০৭ প্যাকেজ নং- B.15-1 এ অন্তর্ভুক্ত আছে। e-GP প্রক্রিয়ায় আলোচ্য কাজের দরপত্র আহ্বানের জন্য CPTU প্রণীত Standard Tender Document (STD) অনুসরণে দর পত্র প্রণয়ন করা হবে। প্রসঙ্গত উল্লেখ্য যে, উক্ত ক্রয় কাজটি সম্পাদনে Procuring Entity (PE) হিসেবে নির্বাহী প্রকৌশলী, মড্‌স জোন-০৬ দায়িত্ব পালন করবেন এবং PE কর্তৃক ক্রয় কাজের দরপত্র প্রণয়ন, দরপত্র আহ্বান, NOA ইস্যু এবং চুক্তি পরিচালনা ও ব্যবস্থাপনা সম্পাদিত হবে। অনুমোদিত APP মোতাবেক এবং ঢাকা ওয়াসার ২০০৬ সালের অনুমোদিত Sub-DoFP অনুযায়ী আলোচ্য ক্রয় কাজটির চুক্তি অনুমোদনের ক্ষমতা "প্রধান প্রকৌশলী" মহোদয়ের আওতাধীন।

অনুচ্ছেদ ৩.০

এমতাবস্থায়, উপরোক্ত বিস্তারিত বর্ণনার আলোকে Repairing, Maintanance and others ancillary works of Dhaka Medical sewer pump Station a under MODS Zone-6, Dhaka WASA শীর্ষক কাজটি বাস্তবায়নের নিমিত্তে নিম্মোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারেঃ

ক) উল্লিখিত কাজটিসম্পাদনের জন্য সর্বমোট ৳ ৩,৮৮,৩৩৫/- (তিন লক্ষ আটাশি হাজার তিনশত পঁয়ত্রিশ টাকা) (ভ্যাট ট্যাক্সসহ) টাকা মাত্র এর প্রাক্কলনটি অনুমোদন;

খ) কাজটি বিশেষ ধরণের হওয়ায় পিপিআর-২০২৫ এর বিধি ৮০(১)/(ঘ) অনুযায়ী e-GP প্রক্রিয়ায় সীমিত দরপত্র পদ্ধতি (LTM)- তে CPTU প্রণীত Standard Tender Document (STD) অনুসরণে দরপত্র প্রণয়ন ও আহ্বান করে কাজটি সম্পাদন করার অনুমোদন এবং

গ) আলোচ্য কাজের ব্যয়ভার মড্‌স জোন-৬ এর ২০২৫-২৬ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং- 107, প্যাকেজ নং- B.15-1 (Sewer pump Maintenance, Code no-01-04-004) এবং বাজেট বরাদ্দের "পয়ঃ পাম্প রক্ষণাবেক্ষণ" খাত হতে নির্বাহ করার সদয় অনুমোদন।

প্রধান প্রকৌশলী মহোদয় কর্তৃক সদয় অনুমোদনের জন্য সবিনয়ে উপস্থাপন করা হলো।

০৮/০৩/২৬
মোঃ মোস্তাফিজুর রহমান
উপ-সহকারী প্রকৌশলী
মড্‌স জোন-৬, ঢাকা ওয়াসা।

AE
08.3.26
Mohammad Ikhtiar Masud
Assistant Engineer
MODS Zone-6, Dhaka WASA

EE
08.03.26
মোঃ আফজাল হোসেন
নির্বাহী প্রকৌশলী
মড্‌স জোন-৬, ঢাকা ওয়াসা।

SE, MODS circle-1
০৯/০৩/২৬
মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মড্‌স সার্কেল-১, ঢাকা ওয়াসা

প্রস্তাব অনুমোদিত। CE

ত: প্র: মডস সা:-১

10/03/2026
শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।